# আইন

**ট্রাফিকিং ভিক্টিম্‌স প্রোটেকশন রিওর্গানাইজেশন অ্যাক্ট (TVPRA)** নিম্নলিখিত অধিকারগুলি প্রদান করে :

অভিবাসী পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের -

- কিছু সময়কালের জন্য *ইউএস-এ থাকার* অনুমতি দেয় এবং ''গ্রীন কার্ড''-এর জন্য আবেদন করার সুযোগ দেয়
- অভিবাসী পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের নির্দিষ্ট কিছু *আত্মীয়কে* ইউএস-এ আসার অনুমতি দেয়।
- ইউএস-এ কাজ করার *অনুমোদন* দেয়
- রক্ষা পাওয়া ব্যক্তিরা যে সমস্ত *পরিষেবা* পাওয়ার অধিকারী তার তালিকা তৈরি করে দেয়,

পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের জন্য -

- *পাচারকারীদের বিরুদ্ধে* দেওয়ানী দাবির *মামলা করার* সুযোগ দেয়
- পাচারকারীদের জন্য ফৌজদারী *শাস্তির* বিবরণ দেয়।

নির্দিষ্ট কয়েকটি অপরাধের থেকে রক্ষা পাওয়া অভিবাসীদের :

- কিছু সময়কালের জন্য *ইউএস-এ থাকার* অনুমতি দেয় এবং ''গ্রীন কার্ড''-এর জন্য আবেদন করার সুযোগ দেয়
- অভিবাসী পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের নির্দিষ্ট কিছু *আত্মীয়কে* ইউএস-এ আসার অনুমতি দেয়।
- ইউএস-এ কাজ করার *অনুমোদন* দেয়

**ফেয়ার লেবার স্ট্যান্ডার্ডস অ্যাক্ট** (FLSA) এইগুলি প্রদান করে :

- *কর্মীদের,* বিশেষত শিশুদের, শোষণ থেকে *সুরক্ষা দেয়*
- *শোষিত কর্মীদের* তাদের নিয়োগকর্তাদের বিরুদ্ধে মামলা করার অনুমতি দেয়

# AALDEF

**মহিলা ও অভিবাসী কর্মীদের অধিকারগুলিকে অগ্রসর করছে :** ''অ্যান্টি-ট্রাফিকিং ইনিশিয়েটিভ'' পাচারকৃত ও শোষিত মহিলা ও কর্মীদের আইনী প্রতিনিধিত্ব প্রদান করে।

**AALDEF:** 1974-এ প্রতিষ্ঠিত এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এজুকেশন ফান্ড (AALDEF) মামলা, ওকালতি এবং সম্প্রদায়ের শিক্ষার মাধ্যমে অভিবাসীদের অধিকার, ভোটদানের অধিকার, অর্থনৈতিক ন্যায়, ঘৃণাজনিত হিংসতা এবং পুলিশী দুরাচরণের মত বিষয়গুলি তে এশীয়ান আমেরিকানদের নাগরিক অধিকারগুলিকে সুরক্ষা দেয় এবং এগুলির প্রসার ঘটায়।

## AALDEF -এর অন্যান্য প্রকল্পসমূহ

- **কর্মীদের জন্য অর্থনৈতিক ন্যায়**
- **শিক্ষাগত সাম্য এবং যুব অধিকার**
- **আবাসন ন্যায় প্রকল্প**
- **অভিবাসীদের ন্যায়ের সুযোগলাভ**
- **ভোটদানের অধিকারের প্রকল্প**
- **নিউ জার্সি এশিয়ান আমেরিকান ল প্রোজেক্ট**

AALDEF হল নিউ ইয়র্ক অ্যান্টি-ট্রাফিকিং নেটওয়ার্ক (NYATN) এর স্টিয়ারিং কমিটির সদস্য।


আইনী প্রশ্নের জন্য স্টাফ অ্যাটর্নি **(Staff Attorney)**,
আইভি সুরিয়োপাস **(Ivy Suriyopas)**-এর সাথে যোগাযোগ করুন,
ফোন : **212.966.5932 x235**
**isuriyopas@aaldef.org**

রেফারালের জন্য ম্যাবেল সো **(Mabel Tso)**-এর সাথে যোগাযোগ করুন
ফোন : **212.966.5932 x224**
ই-মেল : **mtso@aaldef.org**


# মহিলা ও অভিবাসী কর্মীদের অধিকারগুলিকে অগ্রসর করছে


**এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এজুকেশন ফান্ড**

*99 HUDSON STREET, 12th FL*
*NEW YORK, NY 10013-2815*
*টেলি 212.966.5932 ফ্যাক্স 212.966.4303*
*www.aaldef.org*



© 2009 AALDEF—Trafficking Brochure—Bangla

## আপনার অধিকারগুলি জানুন

- সমস্ত কর্মীদেরই তাদের ইচ্ছার বিরুদ্ধে বলপূর্বক কাজ করা থেকে মুক্তি পাওয়ার অধিকার আছে; তারা তাদের চাকরি থেকে ইস্তফা দিতে পারে।*
- সমস্ত কর্মীদেরই কমপক্ষে ন্যূনতম বেতন উপার্জন করার অধিকার আছে, তাদের ইমিগ্রেশনের অবস্থা যাই হোক না কেন।
- প্রত্যেক ব্যক্তিরই শারীরিক বা মানসিক নির্যাতন থেকে মুক্ত হওয়ার অধিকার আছে।
- প্রত্যেক ব্যক্তিরই মিথ্যা কারাবাস থেকে মুক্ত হওয়ার অধিকার আছে।

## মানুষ পাচার

**শ্রমিক পাচার :** বলপ্রয়োগ, জালিয়াতি বা বাধ্য করার মাধ্যমে একজন ব্যক্তির শ্রম বা সেবা

**যৌন পাচার :**

- বলপ্রয়োগ, জালিয়াতি বা বাধ্য করার মাধ্যমে একটি ব্যবসায়িক যৌন ক্রিয়ায় লিপ্ত করা
- 18 বছরের কম বয়সী একজন ব্যক্তি বা অপ্রাপ্তবয়স্কের সাথে ব্যবসায়িক যৌন ক্রিয়া

## কর্মনিয়োগ লঙ্ঘন

- ব্যক্তিটিকে কমপক্ষে যুক্তরাষ্ট্রীয় বা রাজ্যের ন্যূনতম বেতন দেওয়া হয় না
- ব্যক্তিটিকে প্রতি সপ্তাহে 40 ঘণ্টার বেশি কৃত কাজের জন্য ওভারটাইম প্রদান করা হয় না।

*কর্মনিয়োগ চুক্তির অধীন একজন কর্মীকে চুক্তির শর্তাবলী লঙ্ঘনের জন্য নগদ ক্ষতিপূরণ দিতে হতে পারে। বিশেষ কয়েকটি অভিবাসী ভিসা-যুক্ত একজন কর্মী যদি ইস্তফা দেওয়ার বা চাকরি ছাড়ার সিদ্ধান্ত নেন, তাহলে তিনি তার ভিসার শর্ত লঙ্ঘন করতে পারেন। অনুগ্রহ করে একজন উকিলের পরামর্শ নিন।

## পাচারের বিষয়ে কয়েকটি অলীক বিশ্বাস দূর করা

- **পাচার করা চোরাচালানের থেকে আলাদা।** চোরাচালান হল নিজের ইচ্ছায় বিনা অনুমতিতে আন্তর্জাতিক সীমানা অতিক্রম করা। যে সমস্ত অভিবাসীদের চোরাচালান করে ইউএস-এ নিয়ে আসা হয় তারা আইন লঙ্ঘন করেছেন, কিন্তু যাদের পাচার করে ইউএস-এ নিয়ে আসা হয় এবং ইচ্ছার বিরুদ্ধে কাজ করতে বাধ্য করা হয় তারা *আইন দ্বারা সুরক্ষিত থাকেন।*
- **পাচার হল বেশ্যাবৃত্তি বা অন্যান্য যৌন ক্রিয়াকলাপের জন্য মানুষের ব্যবসার থেকেও অনেক বেশি।** পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিরা কারখানা, খামার, রেস্তোরাঁ, নির্মাণকার্য অথবা গৃহকর্মী হিসাবে ব্যক্তিগত মালিকানার বাড়িতে কাজ করেন। অন্যান্যদের অপরাধমূলক ক্রিয়াকলাপে বাধ্য করা হয় বা বলপূর্বক বিবাহে বাধ্য করা হয়।
- **মানুষ পাচার কর্মনিয়োগ লঙ্ঘনের থেকেও অনেক বেশি।** কর্মনিয়োগ লঙ্ঘনের ক্ষেত্রে একজন কর্মীকে ন্যূনতম বেতন বা ওভারটাইমের অধিক অর্থ প্রদান না করা হতে পারে। কিন্তু পাচারের ক্ষেত্রে কর্মীর ক্ষতিসাধন বা ক্ষতিসাধনের হুমকি দেওয়াও থাকতে পারে, যার ফলে তিনি কাজ/চাকরি ছেড়ে যেতে অসমর্থ হতে পারেন।
- **পুরুষ, নারী ও শিশু সবাইকেই পাচার করা হয়।** পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের মধ্যে সব বয়সের মানুষই থাকেন। যুক্তরাষ্ট্রীয় সরকারের অনুমান অনুযায়ী পাচার হওয়া মানুষদের মধ্যে 50% হল শিশু এবং 80% হল নারী।
- **পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিরা ইউএস-এর নাগরিকও হতে পারেন।** পাচার থেকে রক্ষা পাওয়া ব্যক্তিদের মধ্যে অনথিভুক্ত অভিবাসীদের পাশাপাশি ইউএস-এর নাগরিক, দেশবাসী, বৈধ স্থায়ী আবাসিকরাও থাকতে পারেন।

## পাচারের পরিস্থিতি সনাক্ত করুন

নিম্নলিখিতগুলির মধ্যে একাধিক শর্ত সত্য হলে তা একটি সম্ভাব্য পাচারের পরিস্থিতির প্রতি ইঙ্গিত করে :

- কাউকে তার ইচ্ছার বিরুদ্ধে কাজ করতে বাধ্য করা হয়েছে।
- তাকে তার সুরক্ষা বা তার প্রিয়জনের সুরক্ষার জন্য ক্রমাগত ভয়ে বাস করছে।
- তাকে শারীরিক বা মানসিকভাবে নির্যাতন বা ক্ষতিগ্রস্ত হয়েছে।
- কারাগারে বন্দী করা বা দেশে ফেরত পাঠানোর হুমকি দেওয়া হয়েছে।
- তার পাসপোর্ট ও অন্যান্য পরিচিতি সংক্রান্ত নথিগুলি কেড়ে নেওয়া হয়েছিল।
- ব্যক্তিটি তার নিজ ইচ্ছা অনুসারে আসা-যাওয়া করার জন্য মুক্ত নন।
- তাকে বিচ্ছিন্ন করা হয়েছে এবং তাকে অন্যদের সাথে মেলামেশা করার অনুমতি দেওয়া হয় নি।
- তার ফোনকলগুলিকে চরমরূপে নিয়ন্ত্রণ করা হয় বা সেগুলির উপরে নজরদারী করা হয়।
- তাকে ইস্তফা দেওয়া বা চাকরি ছাড়ার অনুমতি দেওয়া হয় না।
- সর্বদা অন্য একজন ব্যক্তির তার সাথে থাকেন, যিনি তাকে নিয়ন্ত্রণ করেন বলে মনে হয়।
- ব্যক্তিটির পরিবার বা প্রিয়জনের ক্ষতি করার হুমকি দেওয়া হয়েছে।
- তার কোনো ঋণ শোধ করার জন্য কাজ করছেন।
- কর্মনিয়োগ লঙ্ঘন - তাকে একেবারেই কোনো বেতন দেওয়া হয় না বা রাজ্য বা যুক্তরাষ্ট্রের ন্যূনতম বেতনের থেকে অনেক কম বেতন দেওয়া হয়।
- সাধারণ পেশাগুলির মধ্যে অন্যতম হল গৃহকর্ম, রেস্তোরাঁ পরিষেবা, কারখানার কাজ, বিনোদনের কাজ, কৃষি, নির্মাণকার্য বা যৌন কর্ম।